



## বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ

অনলাইনে সেমিস্টার ফাইনাল (তত্ত্বীয়) ২০২০ পরীক্ষার পদ্ধতি ও পরীক্ষার্থী কর্তৃক পালনীয় নিয়মাবলী:

- ১। পরীক্ষার্থীকে অবশ্যই বিদ্যুৎ ও ইন্টারনেট বিঘ্ন না হয় এরকম স্থানে অবস্থান করে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। নির্বিঘ্ন ইন্টারনেট সংযোগ পেতে ব্রডব্যান্ডের পরিবর্তে মোবাইল সিম হতে সরাসরি/ওয়াইফাই ইন্টারনেট ব্যবহার করে পরীক্ষায় অংশগ্রহণ করা যেতে পারে।
- ২। পরীক্ষার্থীকে যে কোন একটি ডিভাইস অর্থাৎ মোবাইল/ল্যাপটপ, ডেস্কটপ কম্পিউটার এর মধ্যে যে কোন একটি ব্যবহার করতে হবে।
- ৩। পরীক্ষার্থীকে অবশ্যই পরীক্ষা শুরুর অন্তত ২০ মিনিট পূর্বে নির্ধারিত Zoom লিংকে যোগদান করতে হবে।
- ৪। একটি কক্ষে একজন পরীক্ষার্থী থাকবে এবং কক্ষের দরজাটি বন্ধ থাকবে। পরীক্ষার্থীর মুখমণ্ডল ও টেবিল দুটোই অবশ্যই ক্যামেরার ফ্রেমে থাকবে।
- ৫। পরীক্ষার্থীকে অবশ্যই ভিডিও ও মাইক্রোফোন সচল রেখে এবং মুখমণ্ডল খোলা রেখে দৃশ্যমান থেকে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। তবে বৈদ্যুতিক গোলযোগ বা অন্য কোন কারণে পরীক্ষার্থী জুম প্ল্যাটফর্ম থেকে বিচ্ছিন্ন হয়ে পড়লে অনধিক ৫ মিনিটের মধ্যে কর্তব্যরত ইনভিজিলেটরগণের যে কোন একজনকে মোবাইল করে জানাবে। অন্যথায় ভিডিও সচল না থাকলে তা পরীক্ষায় অসদুপায় অবলম্বন করা হয়েছে মর্মে বিবেচিত হবে এবং সংশ্লিষ্ট পরীক্ষা বাতিল বলে গণ্য হবে।
- ৬। পরীক্ষায় যে কোন ধরনের অসদুপায় ও অসদাচরণ এর জন্য প্রধান ইনভিজিলেটর ঐ পরীক্ষার্থীর পরীক্ষা বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবে।
- ৭। উত্তরপত্র আপলোড করার জন্য Camera Scanner বা এই ধরনের অ্যাপ এর মাধ্যমে উত্তরপত্রের পরিষ্কার ও সম্পূর্ণ ছবি তুলে PDF ফরম্যাটে করতে হবে এবং গুগল ক্লাসরুমে Classwork এর যে Assignment এ প্রশ্নপত্র বিতরণ করা হবে ঐ Assignment এর বিপরীতে Add or Create এ গিয়ে উত্তরপত্র অ্যাটাচ করে পরীক্ষার সময় শেষ হওয়ার ১৫ মিনিটের মধ্যে জমা দিতে হবে। উত্তর পত্রের PDF ফাইলটি Assignment এর বিপরীতে অ্যাটাচ করা হয়ে গেলে অবশ্যই Assignment টি “Hand in (বা Turn in)” করতে হবে। ১৫ মিনিটের মধ্যে উত্তরপত্র জমা দিতে ব্যর্থ হলে তার লিখিত পরীক্ষা বাতিল বলে গণ্য হবে।
- ৮। বিশেষ পরিস্থিতিতে উত্তরপত্র গুগল ক্লাসরুমে জমা দিতে না পারলে বিকল্প হিসেবে ইনভিজিলেটরের ই-মেইলে প্রেরণ করতে হবে। তবে এক্ষেত্রে প্রধান ইনভিজিলেটরের অনুমতি প্রয়োজন হবে।
- ৯। একজন পরীক্ষার্থী একটির বেশি ফাইল আপলোড করতে পারবে না। তবে উল্লেখ্য যে এক এর অধিক ফাইল আপলোড হলে প্রথম আপলোড করা ফাইলটি গ্রহণ করা হবে।
- ১০। উত্তরপত্রের জন্য A4 সাইজের অফসেট (হোয়াইট প্রিন্ট) কাগজ ও কালো কালির বল পয়েন্ট ব্যবহার করতে হবে। উত্তরপত্রের প্রতিটি পাতায় নাম্বার দিতে হবে। কাভার পাতায় উত্তরপত্রে ব্যবহৃত মোট পাতার সংখ্যা লিখতে হবে। প্রতি পাতার একটি পৃষ্ঠায় লিখতে হবে; উভয় পৃষ্ঠায় লেখা যাবে না।
- ১১। Zoom এ অংশগ্রহণ করার পর পরীক্ষার্থীকে অবশ্যই রিনেইম করে নামের পরিবর্তে কেবলমাত্র পরীক্ষার রোল নাম্বার ব্যবহার করতে হবে। উদাহরণ স্বরূপ “16DEP110”
- ১২। লিখিত পরীক্ষার সময় ২ ঘন্টা। লিখিত পরীক্ষা শেষে উক্ত কোর্সের উপর ১ ঘন্টার মধ্যে মৌখিক পরীক্ষা শুরু হবে।

পরীক্ষা নিয়ন্ত্রক

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ